# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৮৬৮

৫৬. কথাবার্তা সম্পর্কিত অধ্যায় (كتاب الكلام)

পরিচ্ছেদঃ ১২. রাসূলুল্লাহ (ﷺ) এর পরিত্যক্ত সম্পত্তি

بَاب مَا جَاءَ فِي تَرِكَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّثَنِي مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّ أَزْوَاجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَدْنَ أَنْ يَبْعَثْنَ عُثْمَانَ بْنَ عَفَّانَ إِلَى أَبِي بَكْرٍ الصِّدِّيقِ فَيَسْأَلْنَهُ مِيرَاثَهُنَّ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ لَهُنَّ عَائِشَةُ أَلَيْسَ قَدْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا نُورَثُ مَا تَرَكْنَا فَهُوَ صَدَقَةٌ

বাংলা

রেওয়ায়ত ২৭. মু’মিন জননী আয়েশা (রাঃ) হইতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের ওফাতের পর তাহার বিবিগণ ইচ্ছা করিলেন, উসমান ইবনে আফফান (রাঃ)-কে আবু বকর সিদ্দীক (রাঃ)-এর নিকট পাঠাইয়া রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের পরিত্যক্ত সম্পত্তি দাবি করবেন। অতঃপর আয়েশা (রাঃ) তাহাদেরকে বলিলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি এই কথা বলেন নাই আমাদের কেহ ওয়ারিস হয় না, আমরা যাহা কিছু মাল রাখিয়া যাই, উহা সদকায় পরিণত হয়।[1]

## English

Malik related to me from Ibn Shihab from Urwa ibn az-Zubayr from A'isha, umm al-muminin that when the Messenger of Allah, may Allah bless him and grant him peace, died, the wives of the Prophet, may Allah bless him and grant him peace, wanted to send Uthman ibn Affan to Abu Bakr as-Siddiq to ask him about their inheritance from the Messenger of Allah, may Allah bless him and grant him peace A'isha said to them, "Didn't the Messenger of Allah, may Allah bless him and grant him peace, say, 'No one inherits from us. What we leave is sadaqa.' "

## ফুটনোট

[1] নবী-রাসূলগণের পরিত্যক্ত সম্পত্তির কেহ ওয়ারিস হয় না। যাহা কিছু তাহারা রাখিয়া যান উহা সদকা হয়। অবশ্য সত্যিকারের উলামা নবীগণের ইলম ও ধর্ম প্রচারের ওয়ারিস হন। নবীর পরে তাহার ধর্ম প্রচার করার দায়িত্ব উলামাদের উপরেই ন্যস্ত হয়।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74765

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন